গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

বিষয়: ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, চন্দ্রদিঘলিয়া, সদর গোপালগঞ্জ পরিদর্শন প্রতিবেদন

গত ০২.০৩.২০২৪ খ্রি: তারিখ বেলা ১১.৩০ টায় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, চন্দ্রদিঘলিয়া, সদর গোপালগঞ্জ পরিদর্শন করি। পরিদর্শনকালে ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, গোপালগঞ্জ সদর উপজেলা মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এবং পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরুপ:

০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, চন্দ্রদিঘলিয়া, সদর গোপালগঞ্জ

০২। পরিদর্শনের তারিখ ও সময় : ০২/০৩/২০২৪, বেলা-১১.৩০ টা

০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম : প্রযোজ্য নয়

০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা :

ক্রম	পদের নাম	অনুমোদিত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা	মন্তব্য
০১	মেডিকেল অফিসার (ক্লিনিক)	০০	০০	০০	
০২	উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার	০১	০০	০১	
০৩	পরিবার কল্যাণ পরিদর্শকা	০১	০১	০০	
০৪	সহকারি নার্সিং এ্যাটেনডেন্ট	০০	০০	০০	
০৫	ফিমেল মেডিকেল এ্যাটেনডেন্ট	০০	০০	০০	
০৬	গাড়ি চালক	০০	০০	০০	
০৭	পিয়ন কাম চৌকিদার	০০	০০	০০	
০৮	পরিচ্ছন্নতা কর্মী	০০	০০	০০	
০৯	আয়া	০১	০১	০০	
১০	ফিমেল নার্সিং এ্যাটেনডেন্ট	০০	০০	০০	
১১	মিডওয়াইফ	০০	০০	০০	
১২	দাই নার্স	০০	০০	০০	
১৭	পরিচ্ছন্নতা কর্মী/অফিস সহায়ক আউট সোর্সিং কর্তৃক	০১	০১	০০	

০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : সকলেই উপস্থিত ছিলেন।

০৬। পরিদর্শনকালে কোন Stakeholder যদি মতামত/পরামর্শ করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ : পরিদর্শনকালে কোন সেবা প্রার্থী না থাকায় কোন মতামত/পরামর্শ গ্রহণ করা সম্ভব হয়নি।

০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ প্রযোজ্য ক্ষেত্রে : প্রযোজ্য নয়।

০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : সন্তোষজনক।

০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : আবাসিক ভবনের সংস্কার প্রয়োজন।

১০। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : আসবাবপত্রের সংকট রয়েছে।

১১। কোন সমস্যা/চাহিদা : কোয়ার্টারসহ ভবনটি সংস্কার প্রয়োজন।

১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরামর্শ/সুপারিশ)

ঃ অত্র কেন্দ্রে কর্মরত সকল কর্মচারী কেন্দ্রের আবাসিক ভবনে বসবাস করেন। কেন্দ্রের কর্মচারীদের সাথে কথা বলে জানা যায় এখানে কর্মরত সেবাদানকারীগণ কেন্দ্রে আগত রোগীদের সার্বক্ষনিক সেবা প্রদান করে থাকেন। একই সাথে তারা গর্ভবতী মায়েদের ইডিডি (EDD) তারিখ অনুযায়ী প্রতিদিন গর্ভবতী মায়েদের ফোনকল করে খোঁজ নেন এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারী গ্রহণে উদ্বুদ্ধ করেন।এই কেন্দ্রে গত ফেব্রুয়ারি/২৪ মাসে ANC=৩৬ জন, PNC=১৫ জন, শিশু ০-১ বছর=২৫, ১-৫ বছর=৯৪, সাধারণ রোগী পুরুষ=৫০জন, সাধারণ রোগী মহিলা=৩৭২ জন, মোট=৪২২ জন, কিশোর-কিশোরী=৩০ জন, খাবারবড়ি=৪৫ জন, নরমাল ডেলিভারী=০৩ জনকে সেবা প্রদান করা হয়। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০১ জন উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার পদায়ন করা জরুরী। বাউন্ডারী ওয়াল, মেইন গেইট ও ড্রেনেজ লাইন সংস্কার করা প্রয়োজন।

২৪/০৪/২০১৪

(এ, বি, এম, নুরুল আলম)
সহকারী সচিব
ফোন: ৫৫১০১১৬০
Email: population2@mefwd.gov.bd